

ড্যাফেডিল ইউনিভার্সিটিতে রোভারদের নবীনবরণ অনুষ্ঠিত

☉ ২২ জুলাই ২০১৮, ০০:০০



ড্যাফেডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এয়ার রোভার স্কাউট গ্রুপের আয়োজনে ‘রোভার স্কাউট ওরিয়েন্টেশন’ গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ব্যাঙ্কুয়েট হলে অনুষ্ঠিত হয়েছে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড্যাফেডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এয়ার রোভার স্কাউট গ্রুপের কোষাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের উর্ধ্বতন সহকারী পরিচালক মো: আনোয়ার হাবিব কাজল। ডিআইইউ রোভার স্কাউট লিডার মো: সাইফুল ইসলাম খানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন আরএসএল রোভার স্কাউট গ্রুপের সভাপতি ফারহানা রহমান এবং সাবেক ডিআইইউ এয়ার রোভার স্কাউট এসআরএম সালাউদ্দিন মোরসালিন।

প্রধান অতিথির বক্তব্যে আনোয়ার হাবিব কাজল বলেন, একজন স্কাউট হিসেবে নিজেকে যুক্ত করার দিন হিসেবে আজকের এই নবীনবরণ অনুষ্ঠান একজন স্কাউটের জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এ দিনটি তার স্কাউট জীবনে চিরস্মরণীয় হয়ে থাকবে। তিনি বলেন ব্যাডেন পাওয়েলের মূলমন্ত্র বুকে লালন করে নবাগত রোভারদের হাত ধরে স্কাউটিং আরো বহুদূর এগিয়ে যাবে। স্কাউটিং এ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে ব্যক্তিত্বের বিকাশ, সঠিক নেতৃত্ব, জনসচেতনতা, সামাজিক দায়বদ্ধতাসহ নানা ক্ষেত্রে অবদান রাখার সুযোগ তৈরি হয়। তাই সঠিক স্কাউটিংয়ের মাধ্যমে নিজের এবং দেশের উন্নয়নে নতুন প্রজন্ম ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির বক্তব্যে সাইফুল ইসলাম খান বলেন, স্কাউটিংয়ের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের মধ্যে আন্তঃসম্পর্ক তৈরি করতে

পারে এবং বিভিন্ন মঞ্চে নিজেকে তুলে ধরতে পারে যা তাকে ভবিষ্যৎ কর্মক্ষেত্রে নিজেকে যোগ্যরূপে উপস্থাপনের সুযোগ করে দেয়। বিজ্ঞপ্তি।

সম্পাদক : আলমগীর মহিউদ্দিন

প্রকাশক : শামসুল হুদা, এফসিএ

১ আর. কে মিশন রোড, (মানিক মিয়া

ফাউন্ডেশন), ঢাকা-১২০৩।

ফোন: ৫৭১৬৫২৬১-৯